



গণভোটের ৭০% রায় অস্বীকার করছে বিএনপি: জামায়াত আমির



জামায়াত আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। ছবি: ভিডিও থেকে নেওয়া

বিএনপিকে কড়া ভাষায় সমালোচনা করে জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, যত চেষ্টাই করা হোক, দলটি কখনোই আওয়ামী লীগের মতো হতে পারবে না; বরং দুর্বল সংস্করণে পরিণত হওয়ার ঝুঁকিতে আছে। তাঁর মতে, অতীতে আওয়ামী লীগ যেভাবে বিরোধী পক্ষকে ব্যঙ্গ করত, বিএনপিও এখন একই ধারা অনুসরণ করছে।

শনিবার (২৫ এপ্রিল) ঢাকার ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে 'জুলাই শহীদ পরিবার ও জুলাইযোদ্ধা জাতীয় সমাবেশে' বক্তব্য দিতে গিয়ে তিনি এসব মন্তব্য করেন। গণভোটের রায় বাস্তবায়নের দাবিতে জামায়াতে ইসলামী এই সমাবেশ আয়োজন করে।

তিনি অভিযোগ করেন, বিএনপি বিভিন্ন ইস্যুতে পতিত ফ্যাসিবাদী রাজনীতির পথেই হাঁটছে। সংসদে সবাই জুলাইয়ের শহীদদের কথা বললেও বাস্তবে গণভোটের ফলাফলের ক্ষেত্রে দ্বৈত আচরণ দেখা যাচ্ছে বলে দাবি করেন তিনি।

শফিকুর রহমান বলেন, একটি নির্বাচনে ৫১ শতাংশ ভোট পেলে তা গ্রহণ করা হলেও, গণভোটে ৭০ শতাংশ সমর্থন পাওয়া সত্ত্বেও সেটি বিএনপি মেনে নিচ্ছে না। এ অবস্থানকে তিনি দুঃখজনক ও লজ্জাজনক উল্লেখ করে বলেন, এই রায় বাস্তবায়ন হলে দেশ থেকে স্বৈরতান্ত্রিক প্রবণতা দূর হবে।

শেষে তিনি বিএনপির প্রতি স্মরণ করিয়ে দেন, জুলাইয়ের আন্দোলনে বহু মানুষ জীবন দিয়েছে বলেই আজকের রাজনৈতিক বাস্তবতা তৈরি হয়েছে। কিন্তু সেই আত্মত্যাগ উপেক্ষা করে এখন ক্ষমতার রাজনীতিতে ব্যস্ত হয়ে পড়া জাতির সঙ্গে প্রতারণার শামিল বলেও মন্তব্য করেন তিনি।